# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র

## **অধ্যায় ঃ নেতৃত্ব**

## **মডেল প্রশ্ন-০১**

জনাব নবী মহাব্যবস্থাপক হিসেবে সবার মাঝে উদার মানুষ হিসেব বিবেচিত। অধীনস্তরা সবাই অভাব অভিযোগ সহজে তাঁর কাছে উপস্থাপন করতে পারে। কিন্তুকর্মীদের স্ব-স্ব লক্ষ্য অনুযায়ী কাজ আদায় করার ক্ষেত্রে তিনি আপোষহীন । তিনি প্রতিষ্ঠানে সকলের মাঝে স্বতঃস্ফুর্ততা সৃষ্টির মাধ্যমে দলগত প্রচেষ্টা সৃষ্টির অনুভূতি জাগ্রত করেন। ফলে লক্ষ্যার্জন নিশ্চিতকরণে অন্যকে সহযোগীতা করার মাধ্যমে প্রতিষ্ঠানে সৌহান্দ্যপূর্ণ পরিবেশ সৃষ্টি হয়।

ক) আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

খ) উদ্দেশ্য অর্জনে নেতৃত্বের গুরুত্ব অপরীসীম-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে দৃষ্টিভঙ্গি বিচারে জনাব নবী কোন ধরনের নেতৃত্বের অনুসারী-ব্যাখ্যা কর। ৩

ঘ) "লক্ষ্যার্জন নিশ্চিতকরণে জনাব নবীর কৌশলগত নেতৃত্বই উত্তম"-তুমি কি একমত তোমার উত্তরের সপক্ষে উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

### **১নং প্রঃ উঃ ক**

আনুষ্ঠানিক নেতৃত্বঃ- আনুষ্ঠানিক সংগঠন কাঠামোতে পদমর্যাদার হতে যে নেতৃত্ব সৃষ্টি হয় তাকে আনুষ্ঠানিক নেতৃত্ব বলে।

### **১নং প্রঃ উঃ খ**

নেতৃত্ব হলো কর্মীদের প্রভাবিত করার এমন একটি পদ্ধতিও কৌশল যাতে তারা দলীয় লক্ষ্যার্জনে সেচ্ছাপ্রণোদিত হয়। উদ্দেশ্য ব্যক্তিক বা প্রাতিষ্ঠানিক যা হোক না কেন নেতৃত্ব সেখানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যোগ্য নেতৃত্বের ফলে উদ্দেশ্য অর্জন সহজতর হয়। উদ্দেশ্য অর্জনে সবার সমন্বিত প্রচেষ্টা তৈরিতে নেতৃত্ব বিশাল ভূমিকা রাখে।

তাই বলা যায়, উদ্দেশ্য অর্জনে নেতৃত্বের ভূমিকা অপরিসীম।

### **১নং প্রঃ উঃ গ**

দৃষ্টিভঙ্গির আলোকে জনাব নবী কর্মকেন্দ্রিক নেতৃত্বের অনুসারী।

যে নেতৃত্ব ধারণায় কর্মীদের নিকট থেকে কাজ আদায়কেই নেতা গুরুত্বপূর্ণ মনে করে তাকে কর্মীকেন্দ্রিক নেতৃত্ব বলে। এই ধরনের নেতৃত্বের নেতা বিভিন্ন কলা কৌশলে কর্মীদের থেকে কাজ আদায়কে প্রধান্য দিয়ে থাকে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে জনাব নবীর কর্মকান্ড কর্মীকেন্দ্রিক নেতৃত্বের মত তা সুন্দর করে উপস্থাপন করবে।

এই প্যারায় ঃ---  এক লাইনে উপসংহার লিখবে।

**১নং প্রঃ উঃ ঘ**

লক্ষ্যার্জন নিশ্চিতকরণে জনাব নবীর কৌশলগত নেতৃত্বই উত্তম হ্যাঁ উক্তিটির সাথে আমি সম্পূর্ণ একমত। পরিকল্পনার অভিপ্রেত ফলকে লক্ষ্য বলে। এই লক্ষ্য যাবে অর্জিত হয় তা নিশ্চিতকরণ বলে। এটা নেতৃত্বের একটি অন্যতম গুরুত্ব। অর্থাৎ যোগ্য নেতৃত্ব জনশক্তিকে সঠিকভাবে পরিচালনা করে লক্ষ্যার্জনে সহায়তা করে।

এই প্যারায় ঃ---  উদ্দীপকের আলোচনা থেকে জনাব নবীর কৌশলগত আচরণের বর্ণনা লিখবে।

এই প্যারায় ঃ---  জনাব নবী নেতৃত্ব দিতে গিয়ে তে কৌশলে লক্ষ্যার্জন নিশ্চিত করেছে তার বিশদ ব্যাখ্যাসহ বিশ্লেষণ করবে।

এই প্যারায় ঃ---  উপসংহার হিসেবে ১/২ লাইন লিখবে।

## মডেল প্রশ্ন-০২

এস.এস কর্পোরেশনের জি.এম জনাব শফি অতীত ও বর্তমানকে বিবেচনা করে ভবিষ্যত সম্পর্কে যথাযথ মূল্যায়ন পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। তিনি প্রতিষ্ঠানের সকলকে নিজের পরিবারের সদস্যদের মত মনে করেন এবং সকলের প্রতি স্নেহ মায়া মমতা প্রদর্শন করে কর্মীদের মধ্যে শ্রদ্ধাবোধ জাগ্রত করে কাজ আদায় করেন। ফলে প্রাতিষ্ঠনিক লক্ষ্যার্জন সহজ হয়ে উঠে।

ক) ইতিবাচক নেতৃত্ব কী? ১

খ) নির্দেশ প্রদান একজন নেতার অত্যাবশ্যকীয় কার্যাবলি-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব শফি আর্দশ নেতা হিসেবে কোন গুণের অধিকারী-ব্যাখ্যা কর। ৩

ঘ) ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে জনাব শফির নেতৃত্বের ধরণ উল্লেখপূর্বক প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনের তাঁর কৌশলগত দিক বিশ্লেষণ কর। ৪

**২নং প্রঃ উঃ ক**

ইতিবাচক নেতৃত্বঃ- নেতা যখন কর্মীদের উৎসাহ উদ্দীপনা সৃষ্টির মাধ্যমে নেতৃত্ব দেয় তাকে ইতিবাচক নেতৃত্ব বলে।

**২নং প্রঃ উঃ খ**

যিনি নেতৃত্ব দেন তাকে নেতা বলে।

যেহেতু যথাসময়ে সঠিক নির্দেশ দানের উপর কাজের সাফল্য নির্ভর করে। তাই নেতাকে সবসময় অধীনস্থদেরকে প্রাসঙ্গিক বিভিন্ন বিষয়ে উপদেশ ও নির্দেশ প্রদান করতে হয়।

নেতার কাছ থেকে নির্দেশ পেয়েই কর্মীরা নিজেদের কাজে নিয়োজিত করে।

### ২নং প্রঃ উঃ গ

উদ্দীপকে জনাব শফি আদর্শ নেতা হিসেবে দূরদৃষ্টি বা প্রজ্ঞা গুণ সম্পন্ন ব্যক্তি।

অন্তদৃষ্টি দিয়ে কোন বিষয়ে ব্যতীত ও বর্তমান অবস্থা মূল্যায়ন পূর্বক আগাম চিন্তা করতে পারার সামর্থ্যকেই প্রজ্ঞা বলে। নেতাকে সঠিক পূর্বানুমান পূর্বক যথার্থ সিদ্ধান্ত গ্রহণের জন্য দূরদৃষ্টি সম্পন্ন বা প্রজ্ঞাপন হওয়া আবশ্যক।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের উদ্ধৃতি থেকে জনাব শফি যে প্রজ্ঞাবান তা বর্ণনা করতে হবে।

এই প্যারায় ঃ--- উপসংহার অংশ লিখবে।

### ২নং প্রঃ উঃ ঘ

ক্ষমতা প্রয়োগের ধরন বিচারে উদ্দীপকে জনাব শফি পিতৃসুলব নেতৃত্বের অধিকারী।

এই প্যারায় ঃ--- পিতৃসুলভ নেতৃত্ব কাকে বলে তা লিখবে এবং কিছু বর্ণনা লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের আলোচনা থেকে পিতৃসুলভ নেতৃত্বের সাথে জনাব শফির নেতৃত্বে ধরন সজঞ্জস্যপূর্ণ তা বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- জনাব শফির এই নেতৃত্বে ধরণ নিয়ে তিনি সহজে লক্ষ্যার্জন করতে সামর্থ্য তা বিশ্লেষণ করবে।

এই প্যারায় ঃ--- সামান্য উপসংহার লিখবে।

## মডেল প্রশ্ন-০৩

নীতা শিল্পালয়ের মালিক বৃদ্ধ বয়সে তাঁর ছেলে জনাব বদি কে প্রতিষ্ঠানের দায়িত্ব দিয়ে অবসর জীবন যাপনে চলে যান। কিন্তু কর্মবিমুখ জনাব বদি প্রাতিষ্ঠানিক কার্যক্রমে অধঃস্থনদের উপর অতিমাত্রায় নির্ভরশীল। প্রতিষ্ঠানের কর্মীদের সম্পর্কে কোন ধারণা না নিয়ে তিনি ইচ্ছেমত নিজের লোক বিবেচনায় কিছু কর্মীকে অগ্রাধিকার দিয়ে থাকেন। এতে বঞ্চিত যোগ্য কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কাজ করার আগ্রহ হারিয়ে ফেলেন। ফলে অল্পদিনে নীতা শিল্পালয়ের করুন পরিস্থিতি সৃষ্টি হয়।

ক) আত্মবিশ্বাস কী? ১

খ) স্বজনপ্রীতি নেতৃত্ব বিকাশের অন্যতম বাধা-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে ক্ষমতা প্রয়োগের বিচারে জনাব বদির আচরণ কোন ধরনের নেতৃত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ-ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর জনাব বদির পক্ষপাতিত্ব মূলক আচরণ নীতি শিল্পালয়ের করুন পরিনতির জন্য দায়ীত্ব উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

### ৩নং প্রঃ উঃ ক

আত্মবিশ্বাসঃ- নিজের সক্ষমতার উপর আস্তা ও বিশ্বাস রাখাকে আত্মবিশ্বাস বলে।

### ৩নং প্রঃ উঃ খ

নিজের আস্তাভাজন ব্যক্তি বা গোষ্ঠীর প্রতি পক্ষপাতদুষ্ট আচরণকে সৃজনপ্রীতি বলে।

একজন নেতাকে সবসময় যোগ্যতাভিত্তিক অধঃস্তনদের মূল্যায়ন করতে হয়। স্বজনপ্রীতি করে বদি অযোগ্য ব্যক্তিদের নেতা বানানো হয় তা হলে নেতৃত্বের বিকাশ বাধাগ্রস্থ হয়। এই অবস্থায় যোগ্যতম সদস্য নেতৃত্ব না পেয়ে আত্মবিশ্বাস হারায়, যাতে নেতৃত্বের বিকাশে স্বজনপ্রীতি অন্যতম বাধা।

### ৩নং প্রঃ উঃ গ

উদ্দীপকে ক্ষমতা প্রয়োগ বিচারে জনাব বদির আচরণ লাগামহীন নেতৃত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ।

এই প্যারায় ঃ--- লাগামহীন নেতৃত্ব সম্পর্কে লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকে জনাব বদির আচরণ কে লাগামহীন নেতৃত্বের মত তা বর্ণনা দিবে।

এই প্যারায় ঃ--- উপসংহার লিখবে।

### ৩নং প্রঃ উঃ ঘ

হ্যাঁ আমি মনে করি উদ্দীপকে জনাব বদির আচরণ পক্ষপাতিত্ব মূলক।

সাধারণত কোন ব্যক্তি, দল বা জিনিসের প্রতি অনুচিত পছন্দ বা অনুমোদনকে পক্ষপাতিত্ব বলে।

অধঃস্তনদের উপর নেতাকে সব সময় নিরপেক্ষ মনোভাব ও আচরণ প্রকাশ করতে হয়।

সংকীর্ণ মানসিকতার উর্ধ্বে উঠে সকলের প্রতি সমান আচরণে ব্যর্থ হওয়া পক্ষপাতিত্বের নামান্তর।

এই প্যারায় ঃ--- উদ্দীপকে জনাব বদি কর্মকান্ড যে পক্ষপাতিত্বমূলক আচরণের সৃষ্ট সম্ভাব্য সমস্যা দেখাবে। যা নীতি শিল্পালয়ের এই করুন পরিনতির জন্য যথেষ্ট।

এই প্যারায় ঃ--- উপসংহারমূলক বাক্য লিখবে।

## মডেল প্রশ্ন-০৪

রনি লিমিটেডের ব্যবস্থাপক নিজেই সিদ্ধান্ত নিয়ে তা অধঃস্তনদের উপর চাপসৃষ্টি করে কাজ আদায়ে ব্যবস্থা করেন। ফলে কর্মীরা অসন্তোষ নিয়ে কাজ সম্পাদনের চেষ্টা করে এতে লক্ষ্যার্জন ব্যাহত হয়।

অন্যদিকে উর্মি লিমিটেডের ব্যবস্থাপক লক্ষ্য নির্ধারণে কাজের প্রকৃতি অনুযায়ী অধঃস্তনদের সিদ্ধান্তকে প্রাধান্য দেয়। সিদ্ধান্ত গ্রহণে অধঃস্তনদের অংশগ্রহণের কারণে কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কাজ সম্পাদনে ব্রতী হয়। ফলে লক্ষ্যার্জনের পাশপাশি কাজের গতি ও মান বৃদ্ধি পায়।

ক) নির্দেশনার যৌক্তিকা কী? ১

খ) নির্দেশনা সংগঠনের চালিকা শক্তি-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে রনি লিমিটেডের ব্যবস্থাপকের কার্যক্রমে কোন ধরনের নির্দেশনার সাথে মিল পাওয়া যায়-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উর্মি লিমিটেডের কাজের গতি ও মান বৃদ্ধির জন্য ব্যবস্থাপক যে নেতৃত্ব দান করে তা অধিক কার্যকরী -মূল্যায়ন কর। ৪

## ৪নং প্রঃ উঃ ক

নির্দেশনার যৌক্তিকতাঃ- কোন নির্দেশ যুক্তিযুক্ত, যুক্তিসংগত বা পালনযোগ্য হওয়াকে নির্দেশনার যৌক্তিকতা বলে।

## ৪নং প্রঃ উঃ খ

কর্মীদের কাজ সম্পর্কে অবহিত করা আদেশ, উপদেশ ও পরামর্শ দেওয়া এবং প্রয়োজনীয় তত্ত্বাবধানের মাধ্যমে লক্ষ্যার্জনে পরিচালিত করার কাজকে নির্দেশনা বলে।

সংগঠন হলো কাজের প্রকৃতি অনুযায়ী কাজ গুলো বিভক্তিকরণ দায়িত্ব ও কর্তৃত্ব অর্পন এবং উর্দ্ধতন অধঃস্তন নির্ধারণ সহ যাবতীয় উপকরণের সহ অবস্থানের সমষ্টি আর এই উপকরণগুলোর সঠিক ব্যবহারের মাধ্যমে লক্ষ্যার্জন করার জন্য নির্দেশনা প্রয়োজন। কারণ নির্দেশনা ছাড়া সংগঠন সচল হয় না।

তাই নির্দেশনাকে সংগঠনের চালিকা শক্তি বলে।

## ৪নং প্রঃ উঃ গ

উদ্দীপকে রনি লিমিটেডের ব্যবস্থাপকের কার্যক্রমে স্বৈরাচারী নির্দেশনার সাথে মিল পাওয়া যায়।

এই প্যারায় ঃ--- স্বৈরাচারী নির্দেশনার একটি সংজ্ঞা ও ব্যাখ্যা দিবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের আলোচনায় উর্মি লিমিটেডের ব্যবস্থাপকের কার্যক্রমের বর্ণনায় স্বৈরাচারী নির্দেশনার মত দেখাবে।

এই প্যারায় ঃ--- উপসংহার লিখবে।

## ৪নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকে উর্মি লিমিটেডের ব্যবস্থাপক গণতান্ত্রিক বা অংশগ্রহণমূলক নেতৃত্ব দান করে।

এই প্যারায় ঃ--- গণতান্ত্রিক নেতৃত্ব কী ব্যাখ্যা ও বর্ণনা লিখবে।

এই প্যারায় ঃ---  উদ্দীপকের উর্মি লিমিটেডের ব্যবস্থাপকের কার্যক্রম গণতান্ত্রিক নেতৃত্বের মতো তা সুন্দর করে উপস্থাপন করবে।

এই প্যারায় ঃ---  কাজের গতি ও মান বৃদ্ধিতে গণতান্ত্রিক নেতৃত্বের ভূমিকা যুক্তিসহ বিশ্লেষণ করবে।

এই প্যারায় ঃ---  উপসংহার লিখবে।

## মডেল প্রশ্ন-০৫

সাথী ইন্ডাষ্টিজের মালিক পক্ষ মহাব্যবস্থাপক জনাব শরিফ সাহেবের কার্যক্রমে অতিষ্ঠ ছিলো। কারণ শরীফ সাহেব নিজের ইচ্ছামত প্রতিষ্ঠানের সিদ্ধান্ত নেন এবং কর্মীদের ভয়ভীতি ও শাস্তিমূলক ব্যবস্থার মাধ্যমে কাজ আদায়ের চেষ্ঠা করেন। তাতে কর্মীরা স্বাচ্ছন্দ্যে কাজ করতে পারেনা, যা লক্ষ্যপূরণে ব্যর্থতায় পর্যভূষিত হয়। তাই মালিক পক্ষ তার সাথে চাকুরির চুক্তি বাতিল করে নতুন একজন মহাব্যবস্থাপক নিয়োগ দেন। নতুন মহাব্যবস্থাপক কাজে যোগদান করে সকল কর্মীদের সাথে  কুশল বিনিময় এবং আলাপ আলোচনা করে কর্মপদ্ধতি নির্ধারণ করেন। তাতে কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কার্যসম্পাদনে নেমে পড়ে।

ক) নেতৃত্ব দানের মাধ্যমে নির্দেশনা কী? ১

খ) একজন নেতাকে আকর্ষনীয় ব্যক্তিত্বের অধিকারী হতে হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে মহাব্যবস্থাপক জনাব শরীফ ক্ষমতা প্রয়োগ বিচারে কোন ধরনের নেতৃত্ব ধারণ করে। ৩

ঘ) উদ্দীপকে নতুন মহাব্যবস্থাপক যে ধরনের নির্দেশনা প্রদান করেছেন তাতে ভবিষ্যতে প্রতিষ্ঠানের সুফল বয়ে আনবে-মূল্যায়ন কর। ৪

### ৫নং প্রঃ উঃ ক

নেতৃত্ব দানের মাধ্যমে নির্দেশনাঃ- কর্মীদের নেতৃত্বের কৌশল প্রয়োগে একজন ব্যবস্থাপক বা নেতা যে পন্থায় নির্দেশনা দিয়ে থাকেন তাকে নেতৃত্ব দানের মাধ্যমে নির্দেশনা বলে।

### ৫নং প্রঃ উঃ খ

যিনি লক্ষ্যার্জনে সদস্য বা কর্মীদের প্রভাবিত করে তাদের সর্বোচ্চ সামর্থ্যকে কাজে লাগানোর চেষ্টা করেন, তিনিই নেতা।

এমন ব্যক্তি হবে নেতা যাকে অধিনস্ত মোহিত হয়ে পছন্দ করবেন। তার নির্দেশ সদা সচেষ্ট থাকবে। এই সমস্ত অনুভূতি সৃষ্টি একজন ব্যক্তিত্ববান ব্যক্তির দ্বারা সম্ভব। যাকে কর্মী আকর্ষনীয় বোধ করবে। ফলে তার নির্দেশ অবলিলায় মেনে নেবে।

তাই একজন নেতাকে অবশ্যই আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।

### ৫নং প্রঃ উঃ গ

উদ্দীপকে মহাব্যবস্থাপক জনাব শরীফ ক্ষমতা প্রয়োগ বিচারে স্বৈরাতান্ত্রিক নেতৃত্ব ধারণ করেন।

এই প্যারায় ঃ---  স্বৈরাতান্ত্রিক নেতৃত্ব কী এবং বৈশিষ্ট্যগুলো লিখবে। ( ২/৩ লাইন)

এই প্যারায় ঃ---  উদ্দীপকের জনাব শরীফের কাজ কর্ম বর্ণনায় স্বৈরাচারি নেতৃত্বের যে বৈশিষ্ট্য পেয়েছ তাই লিখবে। (৩/৪ লাইন)

এই প্যারায় ঃ---  উপসংহার দিবে। (১ লাইন)

## <u>৫নং প্রঃ উঃ ঘ</u>

উদ্দীপকে নতুন মহাব্যবস্থাপক পরামর্শমূলক নির্দেশনা প্রদান করেছেন।

এই প্যারায় ঃ---  পরামর্শমূলক নির্দেশনা কী ও তার বৈশিষ্ট্যগত বর্ণনা দিবে ( ২/৩ লাইন)

এই প্যারায়  ঃ--- উদ্দীপকে নতুন মহাব্যবস্থাপকের নির্দেশনার ধরণ যে পরামর্শমূলক নির্দেশনার মত তা লিখবে। (৩/৪ লাইন)

এই প্যারায় ঃ--- বর্তমান কার্যসম্পাদনে স্বতঃস্ফূর্ততায় ভবিষ্যতের প্রতিষ্ঠানের সাফল্যের চিত্র তুলে আনবে এবং যুক্তিদেখাবে। (৩/৪ লাইন)

এই প্যারায় ঃ---  উপসংহার লিখবে। (১ লাইন)